

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৩৬

৩১/ হৃদয়-গলানো উপদেশ

পরিচ্ছেদঃ মহানবী (্ৣৄর্র্র্র) ও তাঁর সাহাবাগণের অভাবের-জীবন

আরবী

وعن فَضَالَةَ بنِ عُبَيدٍ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ كَانَ إِذَا صَلَّى بِالنَّاسِ يَخِرُّ رِجَالٌ مِنْ قَامَتِهِمْ فَي الصَّلَةِ مِنَ الخَصَاصَةِ - وَهُمْ أَصِحَابُ الصَّقَّةِ - حَتَّى يَقُولَ الأعْرَابُ : هوُّلاَء مَجَانِينٌ فَإِذَا صِلَّى رَسُول اللهِ عَلَيْ انْصَرَفَ إلَيْهِمْ فَقَالَ لَوْ تَعْلَمُونَ مَا لَكُمْ عِنْدَ اللهِ تَعَالٰى لأَحْبَبْتُمْ أَنْ تَزْدَادُوا فَاقَةً وَحَاجَةً رَوَاهُ التِّرْمِذِي وقال حديث صحيح

বাংলা

(৩৮৩৬) ফাযালাহ ইবনে উবাইদ (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম যখন লোকেদের নামায পড়াতেন, তখন কিছু লোক ক্ষুধার কারণে (দুর্বলতায়) পড়ে যেতেন, আর তাঁরা ছিলেন আহলে সুফফাহ। এমনকি মরুবাসী বেদুঈনরা বলত, 'এরা পাগল।' একদা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম নামায সেরে তাদের দিকে মুখ ফিরালেন, তখন বললেন, ''তোমাদের জন্য আল্লাহর কাছে যা রয়েছে, তা যদি তোমরা জানতে, তাহলে তোমরা এর চাইতেও অভাব ও দারিদ্র্য পছন্দ করতে।

ফুটনোট

(তিরমিযী ২৩৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন